

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি লাইলাতুল কদর তালাশ করতে চায়, তাকে তা শেষ সাত রাতে তালাশ করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْنُ الْأُمْرِ بِطَلَبِ لَيْلَةِ الْقَدْرِ لِمَنْ أَرَادَهَا فِي السَّبْعِ الْأُوَاخِرِ

আরবী

3667 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رِجَالًا مِن أَصِحابِ النبي أُرُوا لَيْلَةَ الْقَدْرِ فِي السَّبْعِ الْأُوَاخِرِ فَي السَّبْعِ الْأُوَاخِرِ فَقَالَ: رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (أني أُرَى رُونَيَاكُمْ قَدْ تَوَاطَأَتْ عَلَى السَّبْعِ فَمَنْ كَان متحريها فليتحرَّها في السبع الأواخر).

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3667 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (1253): ق.

বাংলা

৩৬৬৭. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বেশ কয়েকজন সাহাবীকে লাইলাতুল কদর শেষ সাত রাতে (স্বপ্নে) দেখানো হয়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি মনে করি, তোমাদের স্বপ্নগুলো সাতের ব্যাপারে মিল রয়েছে। কাজেই যে ব্যক্তি তা তালাশ করতে চায়, সে যেন তা শেষ সাতে তালাশ করে।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩২১; সহীহুল বুখারী: ২০১৫; সহীহু মুসলিম: ১১৬৫; সুনান বাইহাকী: ৪/৩১০; বাগাবী: ১৮২৩; মুসনাদ আহমাদ: ২/১৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৬৮৮; সহীহু ইবনু খুযাইমাহ: ২২২২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন